

ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয় প্রক্রিয়ার জন্য 30তম বৈঠক

জুলাই 31, 2024

৩১শে জুলাই ২০২৪ তারিখে ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয় (WMCC) প্রক্রিয়ার ৩০তম বৈঠক নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। বৈঠকে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (পূর্ব এশিয়া) শ্রীগৌরাজলাল দাস। চীনা প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাউভারি ও ওশানিক বিভাগের মহাপরিচালক মি. হং লিয়াং।

২. আস্তানা ও ভিয়েনতিয়ানে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সাম্প্রতিক বৈঠকের আলোচনার পরিপ্রেক্ষিতে, উভয় পক্ষ এলএসি (লাইন অফ অ্যাকচুয়াল কন্ট্রোল) বরাবর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করেন, যাতে বকেয়া বিষয়গুলির দ্রুত সমাধান করা সম্ভবপর হয়। দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য শান্তি ও স্থিতিশীলতার পুনরুদ্ধার এবং এলএসি-এর প্রতি সম্মান দেখানো অপরিহার্য বলে উভয় পক্ষই সহমত পোষণ করে। তারা সীমান্তবর্তী এলাকায় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার প্রয়োজনীয়তার বিষয়ে একমত হন, যা প্রাসঙ্গিক দ্বিপাক্ষিক চুক্তি, প্রোটোকল এবং দুই সরকারের মধ্যে পৌঁছানো সমঝোতা অনুসারে হবে।

৩. বৈঠকে আলোচনা গভীর, গঠনমূলক এবং ভবিষ্যৎ-দৃষ্টিভঙ্গি সম্পন্ন ছিল। উভয় পক্ষই স্থাপিত কূটনৈতিক ও সামরিক চ্যানেলের মাধ্যমে গতি বজায় রাখার জন্য সম্মত হন।

৪. চীনা প্রতিনিধিদলের নেতা ভারতের পররাষ্ট্র সচিবের সঙ্গেও দেখা করেন।

নতুন দিল্লি

জুলাই 31, 2024